রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৪, ২০১৮

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২০ আষাঢ় ১৪২৫ মোতাবেক ০৪ জুলাই ২০১৮

নিম্নলিখিত বিলটি ২০ আষাঢ় ১৪২৫ মোতাবেক ০৪ জুলাই ২০১৮ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ২৯/২০১৭

## "বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০" এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (সংশোধন) আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১০ সনের ৫৪ নং আইনের ধারা ১ এর সংশোধন**।—বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর ধারা ১ এর উপ-ধারা (২) এ উল্লিখিত "০৮ (আট) বৎসর" সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলির পরিবর্তে "১১ (এগার) বৎসর" সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বিদ্যুৎ ও জ্বালানীর ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে দ্রুত পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত **"বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০"** এর মেয়াদ আগামী **১১** অক্টোবর ২০১৮ তারিখে শেষ হয়ে যাবে। দেশের বিদ্যুৎ ও জ্বালানি পরিস্থিতির উল্লেখযোগ্য অগ্রগতি হলেও সরকারের "ভিশন ২০২১" বাস্তবায়নের স্বার্থে লক্ষ্যমাত্রা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানি খাতের উন্নয়ন অব্যাহত রাখার জন্য আলোচ্য আইনের মেয়াদ বৃদ্ধি করা আবশ্যক।

২। উপর্যুক্ত উদ্দেশ্য পূরণকল্পে বিদ্যুৎ ও জ্বালানীর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে **"বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (সংশোধন) আইন, ২০১৮"** শীর্ষক বিল মহান জাতীয় সংসদে উত্থাপন করা হইল।

**নসরুল হামিদ**
ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী।

---

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd